

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

মুন্সিগঞ্জ শাখা, মুন্সিগঞ্জ।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স জসিম স্টোর নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী জনাব মোঃ জসীম উদ্দিন, পিতাঃ মরহুম তোতা মিয়া এবং আমিনা বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ দক্ষিণ ইসলামপুর, সদর রোড, মুন্সিগঞ্জ, বর্তমান ঠিকানাঃ দক্ষিণ ইসলামপুর, সদর রোড, মুন্সিগঞ্জ, স্থায়ী ঠিকানাঃ বাড়ী নং-৭৭৩, খাল ইস্ট কলেজ রোড, পোঃ-থানা-জেলাঃ মুন্সিগঞ্জ কর্তৃক ইউসিবি মুন্সিগঞ্জ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/১০/২০১৯ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৫৭,৩৮,৭০০.২৭ (সাতাল্ল লক্ষ আটত্রিশ হাজার সাতশত টাকা সাতাশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে, অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/ প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উলে-খ পূর্বক সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-মুন্সিগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-মুন্সিগঞ্জ, মৌজা-মুন্সিগঞ্জ, জে.এল. নং- সি.এস.-৭৭, এস.এ-৭৭, আর.এস-৪৪, খতিয়ান নং- সি.এস.-৬০৫, এস.এ-৮০, আর.এস-৬৩৪, নামজারি- ৩৬৭৮, দাগ নং- সি.এস.-১০৩১, এস.এ-২০২৫, আর.এস-২৭১০, ২৭১১, মোট জমির পরিমাণ ৫.৫৩ শতাংশ এবং তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দিঃ উত্তরে-রাস্থা, দক্ষিণে- মোঃ সিরাজ, পূর্বে-রাকিব এবং অন্যান্য, পশ্চিমে-মেইন রোড।

## নিলামের শর্তাবলী

- (১) আগামী ১১/১২/২০১৯ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মুন্সিগঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০%

এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মুন্সিগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তুতকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তুতকৃত অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তুতকৃত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তৃত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মুন্সিগঞ্জ শাখা, মুন্সিগঞ্জ।